

Times Today BD

মুহাম্মদ দিদারুল আলম | চট্টগ্রাম | 26 May, 2025

পুলিশের ওপর হামলা ও গাড়ি ভাংচুরের মামলায় বাংলাদেশ সনাতনী জাগরণ জোটের মুখপাত্র চিনুয় কৃষ্ণ দাস ব্রহ্মচারীকে কারাফটকে (জেলগেট) একদিন জিজ্ঞাসাবাদের অনুমতি দিয়েছেন আদালত।

সোমবার (২৬ মে) চট্টগ্রাম মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট এস এম আলাউদ্দিন মামলার তদন্ত কর্মকর্তার আবেদনের শুনানি শেষে এই আদেশ দেন। বিষয়টি নিশ্চিত করেছেন চট্টগ্রাম মহানগর দায়রা জজ আদালতের সহকারী সরকারি কৌশলি অ্যাডভোকেট মো. রায়হানুল ওয়াজেদ চৌধুরী।

তিনি জানান, গত বছর আদালত প্রাপ্ত পুলিশের ওপর হামলা ও গাড়ি ভাংচুরের একটি মামলায় চিনুয় কৃষ্ণ দাসকে একদিনের জেল গেটে জিজ্ঞাসাবাদের আদেশ দিয়েছেন আদালত। জিজ্ঞাসাবাদ শেষে আগামী ৩ জুন আদালতে প্রতিবেদন দাখিল করতে বলা হয়েছে।

এর আগে, গত ১৮ মে আইনজীবী আলিফ হত্যা ও রাষ্ট্রদ্রোহ মামলায় একদিন করে মোট দুদিন কারাফটকে জিজ্ঞাসাবাদের অনুমতি দিয়েছিলেন আদালত।

গত বছরের ২৫ অক্টোবর চিনুয় কৃষ্ণ দাসের নেতৃত্বে চট্টগ্রামে সনাতনী সম্প্রদায়ের একটি বড় সমাবেশ হয়। এর কয়েকদিন পর গত ৩১ অক্টোবর তার বিরুদ্ধে জাতীয় পতাকা অবমাননার অভিযোগে রাষ্ট্রদ্রোহের মামলা হয়। এ মামলায় আরও ১৮ জনকে আসামি করা হয়। একই বছরের ২২ নভেম্বর চিনুয়ের নেতৃত্বে রংপুরে আরও একটি বড় সমাবেশ হয়। এরপর

রাষ্ট্রদ্রোহের সেই মামলায় চিনুয় কৃষ্ণ দাসকে ২৫ নভেম্বর ঢাকা থেকে গ্রেপ্তার করা হয়।

পরদিন তার জামিন নামঞ্জুর করে কারাগারে পাঠানোর আদেশ দেন চট্টগ্রামের আদালত। সেদিনই চিনুয় দাসের আইনজীবীরা ওই আদেশের বিরুদ্ধে রিভিশন চেয়ে আবার জামিন আবেদন করেছিলেন। তার জামিন ঘিরে সংঘর্ষে জড়ান চিনুয়ের ভক্তরা। তবে সংঘর্ষের সময় সাইফুল ইসলাম আলিফ নামে একজন আইনজীবীকে পিটিয়ে ও কুপিয়ে হত্যা করে দুর্বৃত্তরা।

গত ৩০ এপ্রিল ওই মামলায় তাকে জামিন দেন হাই কোর্ট। কিন্তু জামিন স্থগিত চেয়ে রাষ্ট্রপক্ষ আপিল বিভাগে আবেদন করলে তার মুক্তি আটকে যায়। এরপর আরও পাঁচ মামলায় তাকে গ্রেপ্তার দেখানো হয়।

পুলিশ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 01:57

URL: <https://www.timestodaybd.com/public/chittagong/2980936836>